

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৪১-আইন/২০০৯/২২৪৪/শুল্ক।- Customs Act, 1969 (IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১২ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ২৬ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৭০-আইন/২০০৮/২১৯৮/শুল্ক বাতিলক্রমে, কাস্টমস্ ডিউটি আদায়কল্পে বিদ্যমান আমদানি নীতি আদেশ এ বিধৃত শর্তাবলী পালন সাপেক্ষে বাংলাদেশে আমদানিযোগ্য ব্যবহৃত পুরাতন বা রি-কন্ডিশন্ড মোটর গাড়ি ও যানবাহনের জন্য নিম্নরূপ ন-ন্যতম ম-ল্য (minimum value) নির্ধারণ করিল, যথাঃ-

১। ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কৃত (reconditioned) মোটর গাড়ি ও যানবাহন জাপান হইতে আমদানি করা হইলে জাপানে প্রকাশিত হালনাগাদকৃত Yellow Book এবং জাপান ব্যতীত অন্য কোন দেশ হইতে আমদানি করা হইলে, ক্ষেত্রমত, হালনাগাদকৃত Glass's Guide, Magazine Automobiles বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত অনুরূপ কোন জার্নালে প্রকাশিত গাড়ির সকল কোড মডেলের গড় ম-ল্য হইতে ১০% বিয়োজন এবং সরাসরি গাড়ির গড় ম-ল্যের উপর অনধিক ৫ (পাঁচ) বৎসর বয়সের যে কোন মেয়াদের আমদানিকৃত মোটর গাড়ীর জন্য সর্বসাকুল্যে (consolidated) ৩০% অবচয় প্রদান করিয়া প্রাপ্ত ম-ল্যঃ

তবে শর্ত থাকে যে, ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কৃত মোটর গাড়ি ও যানবাহন হিসাবে বিবেচিত হইতে হইলে, সংশ্লিষ্ট গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ ও রেজিস্ট্রেশন বাতিলের তারিখের মধ্যকার সময়সীমা ন-ন্যতম ৩৬৫ (তিনশত পঁয়ষড়ি) দিন হইতে হইবে এবং উহা ন-ন্যতম ১০০০ (এক হাজার) কিলোমিটার চালিত হইতে হইবে, যাহার প্রমাণস্বরূপ গাড়ি শুদ্ধায়নকালে জাপান হইতে আমদানির ক্ষেত্রে Registration Cancellation Certificate ও Japan Auto Appraisal Institute কর্তৃক ইস্যুকৃত গাড়ির বয়স সংক্রান্ত সনদপত্র এবং জাপান ব্যতীত অন্যান্য দেশ হইতে আমদানির ক্ষেত্রে

Registration Cancellation Certificate সংশ্লিষ্ট কাস্টমস হাউস বা স্টেশনে দাখিল করিতে হইবে।

২। অবচয় প্রদানের উদ্দেশ্যে বৎসর গণনার ক্ষেত্রে, গাড়িটি যে তারিখে প্রথম রেজিস্ট্রেশন করা হইয়াছিল সে তারিখ হইতে ৩৬৫ (তিনশত পয়ষট্টি) দিনে ১ (এক) বৎসর গণনা করিতে হইবেঃ

ব্যাখ্যা :- সংশ্লিষ্ট মোটর গাড়ির প্রথম রেজিস্ট্রেশনের তারিখ উল্লেখ না থাকিলে যে মাসে গাড়িটি প্রথম রেজিস্ট্রেশন করা হইয়াছিল সে মাসের পরবর্তী মাসের প্রথম তারিখকে অনুসরণে” ছদ ১ ও ২ এর উদ্দেশ্য পূরণকল্পে, রেজিস্ট্রেশনের তারিখ হিসাবে গণ্য করিতে হইবে।

৩। আমদানিকৃত ব্যবহৃত, পুরাতন বা পুনঃসংস্কৃত মোটর গাড়ি বা যানবাহনের ঘোষিত মূল্য অনুসরণে” ছদ ১ ও ২ এর পদ্ধতি অনুসরণে নিরূপিত ন্যূনতম মূল্য অপেক্ষা বেশী হইলে অবচয় সুবিধা প্রদান না করিয়া ঘোষিত মূল্যে শুল্কায়ন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ড. নাসিরউদ্দীন আহমেদ)
ভারপ্রাপ্ত সচিব।